গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সুন্দরগঞ্জ,গাইবান্ধা

এবং

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,গাইবান্ধা

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

CS CamScanner

## সূচিপত্র


| বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৩ |
| প্রস্তাবনা | ০৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (**Outcome/ Impact**) | ০৬ |
| সেকশন ৩: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, গাইবান্ধা এর আওতাধীন ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মপরিকল্পনা | ০৭-১০ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমানক | ১২-১৩ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৪ |
| সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কর্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ | ১৫-২২ |


CamScanner

# উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ:

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্ত্বাবধানে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সুন্দরগঞ্জ উপজেলার জনগণের দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি মোকাবেলা ও সামাজিক নিরাপত্তামূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। গত ০৩ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসুচির আওতায় ৫২৬টি প্রকল্প বাস্তবায়ন করা হয়। তম্মধ্যে ২২২.৯১২ কি:মি: রাস্তা এবং ৫৯৩০২.৫৩ বর্গ মি: মাঠ সংস্কার করা হয়েছে। এছাড়াও উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে রয়েছে খাল খনন, তালগাছ রোপন ইত্যাদি। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির মাধ্যমে এ উপজেলায় ১০৩৩টি প্রকল্প বাস্তবায়ন করা হয়। তন্মোধ্যে ৭৮.৩১ কি.মি. রাস্তা ও ২৩৬১২ বর্গ মি: মাঠ সংস্কার করা হয়েছে। এছাড়া টিআর/ কাবিটা কর্মসূচির আওতায় এ পর্যন্ত ৫৫০টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ করা হয়েছে এবং ০১টি বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে রয়েছে ধর্মীয়, শিক্ষা ও জনকল্যাণ মূলক প্রতিষ্ঠান মেরামত ও উন্নয়ন, শিক্ষা উপকরণ বিতরণ, ব্রীজ/কালভার্ট মেরামত, বৃক্ষ রোপন ইত্যাদি। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ৪৩৪২ জন হতদরিদ্র গ্রামীণ কর্মহীন মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বছরে দুই মৌসুমে ৪০ দিন করে মোট ৮০ দিনের কর্মসংস্থান নিশ্চিত করার ব্যবস্থা নেওয়া হয়েছে, যার এক তৃতীয়াংশ মহিলা।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

জলবায়ু পরিবর্তনের কারণে বন্যা, অগ্নিকান্ড, জলাবদ্ধতা, নদীভাঙ্গন, বজ্রপাত ও ভূমিকম্পসহ বিভিন্ন প্রাকৃতিক এবং নতুন নতুন দুর্যোগের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। এতে বিশেষ করে দরিদ্র মানুষের দুর্ভোগ বাড়ছে। দুর্যোগের ঝুঁকি হ্রাস, দুর্যোগ মোকাবেলায় পূর্ব প্রস্তুতি এবং দুর্যোগ পরবর্তী সাড়াদান দুর্যোগে ক্ষয়ক্ষতি হ্রাস করে । এক্ষেত্রে চ্যালেঞ্জ হল বিভিন্ন আপদের ফলে সৃষ্ট দুর্যোগে জনগণের করণীয় বিষয়ে সচেতনতা বৃদ্ধি, দুর্যোগ মোকাবেলায় কলা-কৌশল রপ্ত করা, গবেষণা ও প্রযুক্তি যথার্থ ব্যবহার এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত সার্বিক পরিকল্পনা প্রণয়ন। প্রকল্পের সর্বনিম্ন বরাদ্দ কমিয়ে আনায় প্রকল্প সংখ্যা বৃদ্ধি পাচ্ছে ফলে নিবিড় তদারকির মাধ্যমে মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কঠিন হয়ে পড়তে পারে। মাটির কাজের ক্ষেত্রে মাটির প্রাপ্যতাও প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের ক্ষেত্রে অন্তরায় হতে পারে। এছাড়া সাম্প্রতিক সময়ে অপরিকল্পিত পুকুর খননের ফলে সৃষ্ট জলাবদ্ধতা নিরসন আগামীতে বড় চ্যালেঞ্জ হতে পারে।

## ভবিষ্যৎ পরিকল্পনা:

রুপকল্প ২০২১, প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ এবং সর্বোপরি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ২০২১-২৫ অনুযায়ী সকল প্রকার দুর্যোগে কার্যকর সাড়াদানের জন্য প্রস্তুতি শক্তিশালী করা এবং Build Back Better পদ্ধতিতে পুনরুদ্ধার, পুনর্বাসন ও পুনর্গঠন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। জেলার দুর্যোগ কবলিত মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা হবে এবং গ্রামীণ অতি দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির প্রচেষ্টা জোরদার করা হবে। এছাড়া দুর্যোগ কবলিত জনগনের ঝুঁকিহ্রাসকল্পে এ এলাকায় আরও বন্যা আশ্রয়কেন্দ্র ও মুজিব কিল্লা নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে। জনগণকে সচেতন করার জন্য দুর্যোগ বিষয়ক মহড়া ও বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে প্রশিক্ষণের আয়োজন করা হবে।

## ২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- বজ্রপাত হতে রক্ষায় জেলার বিভিন্ন স্থানে বজ্রনিরোধক দন্ড/ যন্ত্র স্থাপন
- দুর্যোগ প্রতিরোধ সক্ষমতা বৃদ্ধির জন্য গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ
- জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য আপদকালীন কর্মপরিকল্পনা হালনাগাদকরণ
- জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ বিষয়ক মহড়ার মাধ্যমে ছাত্র-ছাত্রী/ শিক্ষকদের সচেতনতা বৃদ্ধি
- অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান সৃষ্টি এবং মানবিক সহায়তা কার্যক্রমের আওতায় কর্মপরিধি বৃদ্ধি

CamScanner

# প্রস্তাবনা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ,গাইবান্ধা

এবং

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা

এর মধ্যে ২০২৩ সালের ১৮ জুন তারিখ এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

CamScanner

## সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision):

প্রাকৃতিক, জলবায়ুজনিত ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ক্ষতিকর প্রভাবে বিপদাপন্ন জনগোষ্ঠীর দুর্দশা সহনীয় পর্যায়ে নামিয়ে আনা ও দারিদ্রতা হ্রাস।

### ১.২ অভিলক্ষ (Mission):

দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক সক্ষমতা শক্তিশালীকরণের মাধ্যমে জনগণের বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠির ঝুঁকি ও বিপদাপন্নতা হ্রাস এবং দুর্যোগ মোকাবেলায় সক্ষম একটি দক্ষ জরুরি সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র :

**১.৩.১ দপ্তর/ সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীর জন্য জরুরি মানবিক সহায়তা, পুনরুদ্ধার ও পুনর্বাসন কর্মসূচি দক্ষতার সাথে পরিচালনা করা

২. দুর্যোগ ঝুঁকিহ্রাস কর্মসূচি গ্রহণের মাধ্যমে বিভিন্ন প্রকার দুর্যোগের ক্ষতিকর প্রভাব সহনীয় পর্যায়ে এনে সার্বিক দুর্যোগ লাঘব করা

৩. দুর্যোগ ঝুঁকিহ্রাস ও জরুরী সাড়াদান কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমগুলিকে সমন্বিত, লক্ষ্যভিত্তিক ও শক্তিশালী করা

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদানকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

দুর্যোগে কার্যকর সাড়াদানের জন্য প্রস্তুতি শক্তিশালী করা এবং Build Back Better -'পূর্বের চেয়ে আরো ভালো অবস্থায় ফেরা'র নীতিতে পুনরুদ্ধার, পুনর্বাসন ও পুনর্গঠন কার্যক্রম পরিচালনা করা। ঘূর্ণিঝড়, বন্যা, ভূমিকম্প, বজ্রপাত, ভূমিধ্বস, খরা, নদীভাঙ্গন ও অন্যান্য দুর্যোগের ঝুঁকি ও বিপদাপন্নতার মানচিত্র প্রণয়ন, দুর্যোগ ঝুঁকিহ্রাসকে মূলধারায় সম্পৃক্তকরণের নীতিমালা, নির্দেশিকা ও ঝুঁকিহ্রাস পরিকল্পনা তৈরী করা। দুর্যোগে জরুরী সাড়াদানে প্রয়োজনীয় অনুসন্ধান ও উদ্ধার উপকরণ এবং যানবাহন/ জলযানের তালিকা তৈরী এবং ক্রয়ের ব্যবস্থা করা। দুর্যোগপ্রবণ এলাকায় প্রয়োজনীয় ত্রাণসামগ্রী মজুদ, সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করা। সামাজিক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির আওতায় প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে প্রাপ্ত সম্পদের ব্যবহার। ত্রাণসামগ্রী ও পুনর্গঠনের চাহিদা নিরুপনে সমন্বয় সাধন এবং প্রয়োজনীয় বরাদ্দের সুপারিশ করা। পুনর্বাসন পরিকল্পনায় ভবিষ্যৎ দুর্যোগের ঝুঁকি প্রতিরোধ ও ঝুঁকিহ্রাসের পদক্ষেপ সম্পৃক্তকরণ নিশ্চিত করা।

CamScanner

আমি,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সুন্দরগঞ্জ গাইবান্ধা,জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এর নিকট অংগীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সুন্দরগঞ্জ এর নিকট অংগীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,
সুন্দরগঞ্জ,গাইবান্ধা

১৭ জুন ২০২৩ খ্রি.
তারিখ

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
গাইবান্ধা

১৮ জুন ২০২৩ খ্রি.
তারিখ

CamScanner

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইভিআর | ইন্টারেকটিভ ভয়েস রেসপন্স |
| ২ | এসএমএস | শর্ট মেসেজ সার্ভিস |
| ৩ | এনইওসি | ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার |
| ৪ | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৫ | কাবিটা | কাজের বিনিময়ে টাকা |
| ৬ | টিআর | টেষ্ট রিলিফ |
| ৭ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ৮ | এনডিএমআইএস | ন্যাশনাল ডিজাষ্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম |
| ৯ | এনডিআরসিসি | ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কোর্ডিনেশন সেন্টার |
| ১০ | এমআরভিএ | মাল্টিহ্যাজার্ড রিস্ক ভালনারেবিলিটি এসেসমেন্ট |
| ১১ | ডিএনএ | ড্যামেজ এন্ড নীড এ্যাসেসমেন্ট |
| ১২ | সিপিপি | সাইক্লোন প্রিপায়ের্ডনেস প্রোগ্রাম |
| ১৩ | এসওডি | ষ্ট্যান্ডিং অর্ডারস অন ডিজাষ্টারস |
| ১৪ | এমআইএস | মনিটরিং ইনফরমেশন সিষ্টেম |
| ১৫ | এফপিপি | ফ্লাড প্রিপায়ের্ডনেস প্রোগ্রাম |

CamScanner